

আমি চিনি গো চিনি তোমারে ওগো বিদেশিনী ।  
তুমি থাক সিন্ধুপারে ওগো বিদেশিনী ॥  
তোমায় দেখেছি শারদপ্রাতে, তোমায় দেখেছি মাধবী রাতে,  
তোমায় দেখেছি হৃদি-মাঝারে ওগো বিদেশিনী ।  
আমি আকাশে পাতিয়া কান শুনেছি শুনেছি তোমারি গান,  
আমি তোমারে সঁপেছি প্রাণ ওগো বিদেশিনী ।  
ভুবন ভ্রমিয়া শেষে আমি এসেছি নূতন দেশে,  
আমি অতিথি তোমারি দ্বারে ওগো বিদেশিনী ॥

---

Parjaay: Prem, Taal: Ektaal , Style: Khambaj-Kirtan  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail